রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৭, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১২ আগস্ট ২০০৪/২৮ শ্রাবণ ১৪১১

নং এস. আর. ও নং-২৪৭-আইন/২০০৪।—যেহেতু সরকার Explosives Act, 1884 (Act IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 18 এর বিধান মোতাবেক এস. আর. ও নং-২৮৭/২০০৩, তারিখ ১লা অক্টোবর, ২০০৩ ইং মূলে নিম্নরূপ বিধিমালা প্রণয়নের প্রস্তাব প্রাক-প্রকাশ করিয়াছিল;

যেহেতু উক্ত প্রাক-প্রকাশিত খসড়া বিধিমালা গেজেটে প্রকাশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রস্তাবিত বিধিমালা প্রণয়নের ফলে প্রভাবিত বা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এইরূপ কেহ কোনো আপত্তি বা পরামর্শ সরকারের নিকট দাখিল করে নাই; এবং

যেহেতু উক্ত প্রস্তাবিত বিধিমালা গেজেটে প্রকাশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হইয়াছে;

সেহেতু সরকার উক্ত Act এর section 5 এবং 7 এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা চূড়ান্ত-প্রকাশ করিল, যথাঃ—

## "চূড়ান্ত প্রকাশিত বিস্ফোরক বিধিমালা, ২০০৪"

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরনাম।**—(১) এই বিধিমালা বিস্ফোরক বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।



মূল্য : টাকা ২৩.০০

## তফসিল-৩

[ বিধি ২৩ দ্রষ্টব্য]

### পরীক্ষণ পদ্ধতি

তৃতীয় শ্রেণীর (নাইট্রো-যৌগ) অথবা ৪র্থ শ্রেণীর (ক্লোরেট মিশ্রণ) বিস্ফোরকসমূহের প্রযোজ্য ক্ষেত্রে এই তফসিলের উল্লিখিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ হইতে হইবে ঃ—

প্রযোজ্য বিস্ফোরকের ক্ষেত্রে তাপ পরীক্ষা ঃ

১। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল

| বিনির্দেশ | নমুনা নম্বর | উপকরণ | |
|---|---|---|---|
| ক | .. | এসেটিক এসিড ৫৬.৮ সিসি বোতল | ১ |
| | I | ব্যালান্স | ১ |
| | II | পানির বাথ | ১ |
| | III | পানির বাথ, পানি গরমের জন্য | ১ |
| | IV | বীকার, গ্লাস, ১.৫ লিটার | ১ |
| | V | বোতল, ড্রপিং, বাদামী গ্লাস, ২৮.৪ সিসি বোতল গ্লিসারিন ও পানির মিশ্রণের জন্য | ১ |
| | VI | বোতল, গ্লাস স্টপার, বাদামী গ্লাস, ২৮.৪ সিসি বোতল (ঈষৎ রঙিন আদর্শ কাগজের জন্য) | ১ |
| | VII | বোতল, গ্লাস স্টপার, বাদামী গ্লাস, ৫৬.৮ সিসি (পরীক্ষণ কাগজের জন্য) | ১ |
| | VIII | ব্রাস, পরিষ্কারের জন্য | ২ |
| | IX | ব্রাস, পরিষ্কারের জন্য, পরীক্ষানল | ১ |
| | X | বার্ণার, গ্যাস, আর্গন্ড এবং পর্দা | ১ |
| | XI | ক্যাপস্ (পরীক্ষানলের জন্য) | পর্যাপ্ত সরবরাহ |
| খ | XII | চক, ফ্রান্স | পর্যাপ্ত সরবরাহ |
| | XIII | চিমটা, উত্তালক, তাপ, পরীক্ষণ কাগজ | ১ |
| | XIV | ফানেল, অ্যালুমিনিয়াম | ১ |
| | XV | ফানেল, গ্লাস | ১ |
| গ | .. | গ্লিসারিন ২৮.৪ সিসি বোতল | ১ |
| | XVI | ছুরি, কর্ডাইট বিস্ফোরক | ১ |
| | XVII | ঢাকনি, পানি বাথ | ১ |
| | XVIII | যাতাকল, ক্যরডাইট (cordite) | ১ |
| | XIX | সূঁচ, ছিদ্রকরণ, তাপ পরীক্ষা কাগজ | ১ |
| | XX | ওভেন, পানি | ১ |
| ঘ | .. | ফিল্টার পেপার | পর্যাপ্ত সরবরাহ |
| | .. | ফিল্টার পেপার, ৫.৫ সি.মি. | ,, |
| | XXI | ঈষৎ রঙিন আদর্শ কাগজ | ,, |
| ঙ | .. | কাগজ, পরীক্ষা | ,, |
| | XXII | পেসল এবং মর্টার, গোজ কাঠ | ১ |
| | XXIII | প্লেট, গ্লাস, ছিদ্রকরণের সময় উত্তপ্ত কাগজ রাখিবার পরীক্ষা | ১ |
| | XXIV | রিং, রাবার, পরীক্ষানল | পর্যাপ্ত সরবরাহ |

(১৪) ম্যাগাজিনের ভিতরে পর্যাপ্ত আলো প্রবেশের জন্য পর্যাপ্ত সংখ্যক জানালা রাখিতে হইবে। জানালা বাহিরের দিকে খুলিবার ব্যবস্থা থাকিবে এবং কাঠের আস্তরযুক্ত বা কাঠের আস্তর ছাড়াই কমপক্ষে ৫ মি.মি. পুরু স্টীল পাত দ্বারা নির্মিত হইবে।

## ম্যাগাজিন ঃ ধরণ 'খ'

ম্যাগাজিন ধরণ 'খ' প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইবে এবং প্রধানতঃ নিম্নরূপ হইবে—

(১) ৫ মি.মি. পুরু স্টীল পাত দ্বারা দেয়াল নির্মিত হইবে।

(২) কমপক্ষে ৫ মি.মি. পুরত্বের ছাদ থাকিবে

(৩) দেয়াল, দরজা ও ছাদের ভিতরের আস্তর কমপক্ষে ১০ মি.মি. পুরু থাকিবে এবং মেঝে ২৫ মি.মি. আস্তর দ্বারা আবৃত থাকিবে এবং দৃঢ়ভাবে সংযুক্ত খাঁজ কাটিয়া জোড়া দেয়া বোর্ড বা কাঠ দ্বারা এমনভাবে আবৃত হইতে হইবে যাহাতে গুদামের ভিতরের পার্শ্ব, ছাদ, মেঝে বা দরজার লোহা বা স্টীল এর অংশ উম্মুক্ত না থাকে।

(৪) গুদামের অভ্যন্তরে প্রতি ১০০ কেজি বিস্ফোরকের জন্য নির্ধারিত জায়গায় আয়তন ০.৪ ঘন মিটারের কম হইবে না। সর্বোচ্চ অভ্যন্তরীণ আয়তন ২ ঘনমিটারের বেশী হইবে না।

(৫) উপযুক্তভাবে সুরক্ষিত ভেন্ট দ্বারা বায়ু চলাচলের ব্যবস্থা করিতে হইবে।

(৬) ম্যাগাজিনের কাঠামো ও দরজার সহিত বাহিরের দিকে ইস্পাতের কজা ওয়েল্ডিংকৃত হইবে।

(৭) বহিঃ দরজায় তালা "ডেডলক" ধরণের হইবে।

## বিনির্দেশ-৭

### মজুদাগারের বিনির্দেশ

মজুদাগার নির্মাণের ক্ষেত্রে মূল বিবেচনার বিষয় হইবে মজুদাগারের ভিতরে রাখা বস্তুসমূহকে অনুনমোদিত ব্যক্তিবর্গের নাগালের বাহিরে রাখা, বস্তুসমূহকে ভাল অবস্থায় রাখা এবং অগ্নিকাণ্ডের ঝুঁকির হ্রাস নিশ্চিত করা। সেইজন্য নির্মাণ কার্য এমন হইতে হইবে যাহাতে যতদুর সম্ভব অবৈধ প্রবেশ প্রতিরোধ করা যায় এবং পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকে। মজুদ স্থান শুকনা হইতে হইবে এবং যাহাতে মজুদাগারে মজদকৃত বিস্ফোরক মজুদ কাল অনুসারে পর্যায়ক্রমে ব্যবহার করা সম্ভব হয়।

মজুদাগারের দেয়াল ইট, পাথর বা কংক্রিট দ্বারা নির্মিত হইবে। ইট ও কংক্রিট প্রচলিত স্ট্যান্ডার্ড অনুসরণে তৈরী হইতে হইবে। ঢালাই এর সিমেন্ট মসল্লা একভাগ সিমেন্ট এবং তিন ভাগ পরিষ্কার বালির কম হইবে না। গুদামের ভিতর পরিষ্কার রাখিতে হইবে এবং সকল বেঞ্চ, তাক এবং ফিটিংস এমনভাবে নির্মাণ বা আস্তর বা আচ্ছাদিত করিতে হইবে যাহাতে ব্যবহৃত লোহা, ইস্পাত উন্মুক্ত অবস্থায় না থাকে এবং কংকর,

